প্রথম আলো

তারিখ 7 MAY 2017
পৃ: ৭ কলাম ২

# প্রাথমিক শিক্ষার সঙ্গে পেশাগত শিক্ষার মিলন ঘটাতে হবে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**

পরিমাণগত দিক দিয়ে শিক্ষায় বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এর সঙ্গে গুণগত মান বাড়াতে হবে। আর প্রাথমিক শিক্ষার সঙ্গে একটি বিশেষ পেশাগত শিক্ষার মিলন ঘটানো সম্ভব হলে দেশের দরিদ্র জনগণকে দ্রুত দারিদ্র্যমুক্ত করা সম্ভব।

গতকাল শনিবার জাতীয় জাদুঘরে 'দারিদ্র্য দূরীকরণে শিক্ষাই হোক মূল বিনিয়োগ' শীর্ষক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। আমরা সূর্যমুখী নামের একটি সংগঠন এই সেমিনারের আয়োজন করে।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বাংলাদেশে যে উৎপাদন ব্যবস্থা, তার প্রধান উপাদান শ্রম ও পুঁজি। পুঁজিকে 'কারিগরি পুঁজি' ও শ্রমকে 'মানবপুঁজি' বানাতে না পারলে দেশের অর্থনীতি উন্নত হবে না। শ্রমকে দক্ষ করতে হবে। যুবক ও যুব মহিলাদের উপযুক্ত বৃত্তিমূলক শিক্ষা দিয়ে মানবপুঁজি ও মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে হবে।

ফরাসউদ্দিন পেশাগত শিক্ষার ওপর জোর দিয়ে বলেন, শিক্ষার সবচেয়ে বড় শক্তি হলো, মানুষকে তা সংস্কৃতিবান করে। অন্যকে ভালোবাসতে শেখায়। কওমি মাদ্রাসাকে আলোকধারায় নিয়ে আসা ছাড়া কোনো উপায় নেই। যাঁরা কওমিবলয়ে রয়েছেন, তাঁদের বুঝিয়ে সরকারি উদ্যোগে গণিত-বিজ্ঞান শেখাতে হবে। তাঁদেরও মূলধনে পরিণত করতে হবে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অর্থনীতিবিদ ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, বাংলাদেশে ধনী-গরিবের প্রাথমিক শিক্ষার গুণগত মান এক নয়। এর কারণে উচ্চশিক্ষায় বৈষম্য বাড়ছে। বাংলাদেশের মানুষের জনসংখ্যার ঘনত্ব একটি বাড়তি সুবিধা। কেননা, এখানে যেকোনো জ্ঞান বিদ্যুৎ-গতিতে ছড়িয়ে দেওয়া সম্ভব। সামাজিক উন্নয়ন সূচকে বাংলাদেশ তাই অধিকতর অগ্রগতি অর্জন করছে।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এম এম আকাশ। তিনি বলেন, দারিদ্র্যের সঙ্গে শিক্ষার বিপরীতধর্মী সম্পর্ক। যে মানুষেরা দরিদ্র, তারা অধিকাংশই হয় নিরক্ষর না হয় স্বল্পশিক্ষিত। যারা ব্যতিক্রম তাদের প্রাচুর্যের পেছনে কোনো না কোনো মানসিক শিক্ষা সক্রিয় ছিল। তিনি বলেন, 'আমরা যখন উন্নয়নের কথা বলি, তখন ভুলে যাই যে বস্তুগত উন্নয়নই একমাত্র উন্নয়ন নয়। বস্তুগত উন্নয়ন শেষবিচারে মানবিক উন্নয়নে কতটুকু পরিণত হলো, তা দিয়েই বস্তুগত উন্নয়নের সার্থকতা পরিমিত হয়। তাই মানব উন্নয়ন সূচকের অপরিহার্য উপাদান হচ্ছে শিক্ষা।' তিনি শিক্ষাসূচকের উন্নয়নে 'শিক্ষা বিনিয়োগ' বাড়ানোর ওপর জোর দেন।

সেমিনারে আরও বক্তব্য দেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহিতউল আলম, আমরা সূর্যমুখীর নির্বাহী পরিচালক শফিকুল ইসলাম সেলিম প্রমুখ।